**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/4/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# জলবায়ু পরিবর্তন কিভাবে নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলোকে, বাস্তুসংস্থানকে, ও অর্থনীতিকে প্রভাবিত করছে সে বিষয়টি অনুসন্ধানের জন্য গভর্নর হোকলের বহু-বর্ষ মেয়াদী গবেষণা চালু করার ঘোষণা

***একাডেমিক প্রতিষ্ঠান, বিজ্ঞান সংস্থা, কমিউনিটি নেতৃবৃন্দ, ও শিল্পখাতের প্রতিনিধিদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে সহযোগিতামূলক জলবায়ু গবেষণা পরিচালনা করা হবে***

***জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের বাস্তবায়নকে সমর্থন করে***

জলবায়ু পরিবর্তন কিভাবে নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলোকে, বাস্তুসংস্থানকে, ও অর্থনীতিকে প্রভাবিত করছে সে বিষয়টি অনুসন্ধানের উদ্দেশ্যে গভর্নর ক্যাথি হোকল আজ *নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুর প্রভাব মূল্যায়ন: আমাদের পরিবর্তনশীল জলবায়ু সম্পর্কে উপলব্ধি এবং এর জন্য প্রস্তুতি গ্রহণ* শীর্ষক একটি বহু-বর্ষ ব্যাপী গবেষণা চালুর ঘোষণা দিয়েছেন। স্টেট ব্যাপী জলবায়ু পরিবর্তনের বর্তমান প্রভাবসমূহ, ভবিষ্যতের প্রভাবগুলো কী হতে পারে এবং স্টেট কিভাবে সেগুলোর জন্য আরো ভালোভাবে প্রস্তুতি নিতে পারে তা আরো ভালোভাবে অনুধাবন করা ও নথিভুক্ত করার উদ্দেশ্যে এই সহযোগিতামূলক জলবায়ু গবেষণা প্রচেষ্টা নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) নেতৃত্বে এবং অন্যান্যদের মধ্যে, একাডেমিক প্রতিষ্ঠান, বিজ্ঞান সংস্থা, কমিউনিটি নেতৃবৃন্দ, ও শিল্পখাতের প্রতিনিধিদের সাথে অংশীদারিত্বের মাধ্যমে পরিচালিত হবে। ভবিষ্যতের জলবায়ুর অবস্থার সাথে মানিয়ে নেয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করাটা স্টেটের জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনকে সমর্থন করে।

"জলবায়ুর পরিবর্তন বিদ্যমান রয়েছে, এটি বাস্তব এবং কোনো স্টেটই এর প্রভাব নিউ ইয়র্কের চেয়ে বেশি অনুভব করেনি," **বলেছেন গভর্নর হোকল।** "স্যান্ডি ও আইডার মতো ঘূর্ণিঝড় থেকে শুরু করে বাফেলোতে সাত ফুট উঁচু হয়ে বরফ জমা পর্যন্ত, আমরা প্রত্যেক বছর আমাদের আবহাওয়াকে ক্রমশ চরম পর্যায়ে যেতে দেখছি। এই মহামারী থেকে পুনর্গঠনের এই সময়ে, জলবায়ুর পরিবর্তন কিভাবে আমাদের ভবিষ্যতকে প্রভাবিত করবে সেদিকে আমাদের অবশ্যই ভালোভাবে নজর দিতে হবে ও এসব চ্যালেঞ্জ মোকাবেলা করে আমরা কিভাবে একটি সমৃদ্ধ নিউ ইয়র্ক গড়ে তুলতে পারি সে সম্পর্কে অবগত হওয়ার একটি গুরুত্বপূর্ণ রোডম্যাপ হিসেবে এই গবেষণা ভূমিকা পালন করবে।

**NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO, ডোরিন এম. হ্যারিস বলেন,** "এটি সত্য যে দেশের অন্য অনেক অংশের মতোই, নিউ ইয়র্ক স্টেট উষ্ণতর গড় তাপমাত্রা, আগের যেকোনো সময়ের চেয়ে অবাধ বন্যা, এবং সমুদ্রের পানির উচ্চতা বেড়ে যাওয়ার ফলে উপকূল ক্ষয়প্রাপ্ত হওয়া, ইত্যাদি প্রত্যক্ষ করছে, যা স্পষ্ট করে দিয়েছে যে আমরা একসময় যা মনে করেছিলাম জলবায়ু তারচেয়ে অনেক বেশি দ্রুত গতিতে পরিবর্তিত হচ্ছে। আসন্ন ভবিষ্যতের জন্য আমাদের প্রস্তুত থাকার বিষয়টি নিশ্চিত করতে, NYSERDA স্টেটের সব পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে জলবায়ু বিষয়ে অবহিত সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করতে, এই উচ্চাকাঙ্ক্ষী ও সহযোগিতামূলক প্রচেষ্টার ক্ষেত্রে আমাদের অংশীদারদের সাথে কাজ করার প্রত্যাশা রাখে।"

NYSERDA-এর নেতৃত্বে, এই মূল্যায়ন বিভিন্ন পরিস্থিতিতে নিউ ইয়র্কে জলবায়ু পরিবর্তের ফলে কী আশা করা যায় তার একটি নির্ভরযোগ্য, বিজ্ঞান-ভিত্তিক বিশ্লেষণ প্রদান করবে এবং এই তথ্যকে একটি প্রয়োগযোগ্য, প্রাসঙ্গিক, ও সহজে বোধগম্য উপায়ে প্রকাশের চেষ্টা করবে। যুক্তরাষ্ট্র ও কানাডার 60টিরও বেশি বিভিন্ন সংস্থার প্রতিনিধিত্বকারী প্রায় 40 জন ব্যক্তি এই মূল্যায়ন প্রস্তুত করার ক্ষেত্রে অংশ নিবেন যা স্টেট ব্যাপী অধিবাসী, ব্যবসা প্রতিষ্ঠান, ও সিদ্ধান্ত গ্রহণকারীদেরকে আমাদের সিস্টেম ও অবকাঠামোর উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কে আরো ভালো পরিকল্পনা তৈরি করতে ও প্রস্তুতি নিতে সাহায্য করবে। মূল্যায়নটিতে জলবায়ুর পরিবর্তন সম্পর্কে সর্বশেষ ডাটা, মডেল, ও বৈজ্ঞানিক অনুধাবন অন্তর্ভুক্ত করা হবে।

সুনির্দিষ্টভাবে, এর মধ্যে নিচের বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:

- ভবিষ্যতে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুর প্রত্যাশিত অবস্থার হালনাগাদ পূর্বাভাষ;
- অর্থনৈতিক প্রভাবের সুগভীর মূল্যায়ন;
- প্রভাবসমূহ এবং সেগুলো মানিয়ে নেয়ার কৌশলগুলো সম্পর্কে সহকর্মীদের দ্বারা পর্যালোচনা করা একটি টেকনিক্যাল রিপোর্ট; এবং
- সুনির্দিষ্ট জনগোষ্ঠীর ব্যবহারের জন্য নকশাকৃত সারসংক্ষেপ ও অন্যান্য উপকরণ

মূল্যায়নটি সম্পন্ন হয়ে যাওয়ার পর এসব সংস্থান NYSERDA-এর ওয়েবসাইটে সবার জন্য লভ্য থাকবে, যা 2023 সালের শুরুতে সম্পন্ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন,** "আমাদের পরিবর্তনশীল জলবায়ুর ফলে সৃষ্ট নতুন বাস্তবতার জন্য প্রস্তুত হওয়ার জন্য অধিকাংশ নিউ ইয়র্কবাসীর প্রয়োজনীয় সর্বাধিক তথ্য যাচাই করার জন্য এই বিজ্ঞান-ভিত্তিক গবেষণা একটি দূরদর্শী উপায়। জলবায়ু পরিবর্তনের কারণ ও পরিণামগুলো শনাক্ত ও মূল্যায়ন করতে দেশব্যাপী বিদ্যমান সবচেয়ে জ্ঞানী বিশেষজ্ঞদের কিছু সংখ্যকের সম্মিলিত দক্ষতাকে কাজে লাগানোর মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট সরকারি নীতি নির্ধারকদের অবহিত করতে এবং প্রতিরোধ গড়ে তোলার কর্মসূচিগুলো জোরদার করতে আরো ভালোভাবে সক্ষম হবে। আমাদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো মোকাবেলার জন্য সমাধানগুলো এগিয়ে নেয়ার পাশাপাশি আমাদের কমিউনিটিকে সুরক্ষিত রাখা ও অবহিত করার মাধ্যমে সব পর্যায়ে জলবায়ু সংকট মোকাবেলা করার ক্ষেত্রে তাদের দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবের জন্য আমি NYSERDA-এর আমাদের অংশীদারদের সাধুবাদ জানাই।"

চূড়ান্ত মূল্যায়নটিতে যাতে বিস্তৃত পরিসরের মতামত ও সম্পৃক্ততার প্রতিফলন ঘটে তা নিশ্চিত করতে, NYSERDA মূল্যায়নটি প্রণয়নের ক্ষেত্রে সহযোগিতা করার উদ্দেশ্যে জাতীয় পর্যায়ের জলবায়ু বিজ্ঞান বিশেষজ্ঞ এবং নিউ ইয়র্ক স্টেট, যুক্তরাষ্ট্রের অন্যান্য স্টেট - ক্যালিফোর্নিয়া, ম্যারিল্যান্ড, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, ইন্ডিয়ানা, ও টেক্সাস - ও কানাডার বিভিন্ন কমিউনিটি ও সাংবিধানিক অঞ্চলের পাশাপাশি আদিবাসী কমিউনিটিগুলো থেকে আসা প্রতিনিধিদের একটি দল একত্রিত করেছে। আটটি টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ লভ্য সেরা বৈজ্ঞানিক প্রবন্ধসমূহ পর্যালোচনা করা, নতুন অনুমানগুলো অন্তর্ভুক্ত করা, এবং টেকনিক্যাল রিপোর্ট প্রস্তুত করা সহ মূল্যায়নের বেশিরভাগ অংশের নেতৃত্ব দিবে। প্রতিটি ওয়ার্কগ্রুপ দুইজন সহ-সভাপতির নেতৃত্বে পরিচালিত হবে এবং নিম্নলিখিত আটটি খাতের একটিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব পরীক্ষা করার জন্য দায়িত্বপ্রাপ্ত হবে: কৃষি, ভবন, বাস্তুসংস্থান, জ্বালানি, মানব স্বাস্থ্য ও নিরাপত্তা, সমাজ ও অর্থনীতি, পরিবহন, ও পানি সম্পদ।

এসব খাত ছাড়াও, মূল্যায়নটিতে কয়েকটি একাধিক খাতের সাথে সম্পৃক্ত বিষয় যেমন সাম্য ও সুবিধাবঞ্চিত কমিউনিটি, মিউনিসিপ্যাল সরকারের উদ্বেগের বিষয়গুলো, সমুদ্র উপকূলীয় অঞ্চলসমূহ, ও গ্রেট লেকস, ইত্যাদি বিষয় বিবেচনা করা হবে। চূড়ান্ত মূল্যায়নে যাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাবগুলো তুলে ধরা হয়, প্রক্রিয়াটি যাতে এই গবেষণা যারা ব্যবহার করবেন সেসব মানুষদের প্রয়োজন কেন্দ্রিক হয়, এবং ফলাফলগুলো যাতে অ্যাক্সেসযোগ্য ও প্রয়োগযোগ্য হয় তা নিশ্চিত করতে কোনো খাতের ক্রিয়াকলাপে বিশেষভাবে সক্রিয় থাকা অথবা প্রভাবিত হওয়া কমিউনিটি ও শিল্পগুলোর প্রতিনিধিদের নিয়ে গঠিত পরামর্শদাতা দলগুলো প্রতিটি টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপের কাজে সহায়তা করবে। কনসেনসাস বিল্ডিং ইনস্টিটিউট (Consensus Building Institute, CBI), ইস্টার্ন রিসার্চ গ্রুপ (Eastern Research Group, ERG), কলম্বিয়া বিশ্ববিদ্যালয় (Columbia University), ও ইন্ডাস্ট্রিয়াল ইকোনোমিকসকে (Industrial Economics, IEc) মূল্যায়নের জন্য প্রযুক্তিগত মডেলিং, প্রশাসনিক সমন্বয় এবং সুযোগ-সুবিধা প্রদান বিষয়ক সহায়তা করার জন্য NYSERDA নির্বাচন করেছে।

নিউ ইয়র্কে জলবায়ু পরিবর্তন ইতোমধ্যে সমাজ, অর্থনীতি, ও প্রাকৃতিক বাস্তুসংস্থানের উপর সুগভীর প্রভাব ফেলছে। কৃষি উৎপাদনের মৌসুম পরিবর্তিত হচ্ছে, উপকূলীয় ও মূল ভূখণ্ড অঞ্চলে আরো বেশি ঘন ঘন বন্যা ঘটছে, উদ্ভিদ ও বন্যপ্রাণীর সংখ্যা পরিবর্তিত হচ্ছে, বিপজ্জনক বিরূপ আবহাওয়ার সম্ভাবনা বেড়ে গেছে, এবং মানব জীবন ও অবকাঠামোর জন্য সেগুলোর ব্যয় বেড়ে গেছে। জলবায়ু পরিবর্তনের গতি কমিয়ে আনার উদ্দেশ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করার জন্য স্টেটের জাতীয়-নেতৃত্বের প্রচেষ্টার পাশাপাশি, আজকের ঘোষণা এসব পরিবর্তনশীল পরিবেশগত ও সামাজিক অবস্থার সাথে মানিয়ে নেয়ার জন্য নিউ ইয়র্কের সক্ষমতা বৃদ্ধি করবে এবং চূড়ান্ত মূল্যায়নে শনাক্ত হওয়া ভবিষ্যত প্রভাবগুলো সম্পর্কে অবহিত হয়ে এর প্রস্তুতি ও সাড়াদানের কৌশলগুলো প্রণয়ন করতে সাহায্য করবে।

**NYS সিনেট এনার্জি চেয়ার সিনেটর কেভিন পার্কার বলেন,** "স্বতস্ফূর্তভাবে পদক্ষেপ গ্রহণ করে এই বহু-বর্ষ মেয়াদী গবেষণা চালু করায় আমি NYSERDA ও গভর্নর হোকলের প্রশংসা করি। এটি আমাদের স্টেটের জলবায়ু পরিবর্তনের ভবিষ্যত প্রভাবগুলোর জন্য প্রস্তুতি নিতে সক্ষম হওয়া এবং বিরূপ প্রভাবের চেয়ে এগিয়ে থাকা নিশ্চিত করবে। আমাদের স্টেটের

জন্য এই মূল্যায়নকে বাস্তবে রূপ দিতে একসঙ্গে এগিয়ে আসা বিভিন্ন সংস্থার প্রতি আমি কৃতজ্ঞ।"

**NYS অ্যাসেম্বলি এনার্জি চেয়ার, অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন,** "জলবায়ুর লক্ষ্য নির্ধারণ করা এবং অপেক্ষাকৃত নির্মল গ্রিড নির্মাণের দিকে এগিয়ে যাওয়ার জন্য আমাদের কাজ করা অব্যাহত রাখার এই সময়ে, আমাদের জন্য আমাদের সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলো ও সমস্যাগুলো পুরোপুরি পরীক্ষা করে দেখা ও অনুধাবন করা গুরুত্বপূর্ণ। আমি আনন্দিত যে আমাদের পরিবর্তনশীল জলবায়ু কিভাবে আমাদের অর্থনীতি ও আমাদের কমিউনিটিগুলোকে প্রভাবিত করে সে সম্পর্কে বিস্তৃত উপলব্ধি অর্জনের জন্য আমরা কাজ করতে যাচ্ছি। এই গবেষণা আগামী দিনের জ্বালানি ও জলবায়ু সংক্রান্ত নীতিমালার সিদ্ধান্তগুলো সম্পর্কে অবহিত করবে এবং আমাদেরকে ভবিষ্যতের জন্য একটি রোডম্যাপ প্রদান করবে।"

**ইস্টার্ন রিসার্চ গ্রুপ, ইনক. এর প্রতিষ্ঠাতা ও CEO ডেভিড মায়ার্স বলেন,** "নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর প্রভাব মূল্যায়ন সমন্বয় করার ক্ষেত্রে একটি কেন্দ্রীয় ভূমিকা পালন করার মাধ্যমে NYSERDA-কে সহায়তা করতে পেরে ERG সম্মানিত বোধ করছে। নিউ ইয়র্ক স্টেট ব্যাপী জলবায়ুর পরিবর্তন সম্পর্কিত প্রভাবগুলোর নির্ভুল, অ্যাক্সেসযোগ্য, প্রাসঙ্গিক, ও হালনাগাদ উপলব্ধি প্রদান করাটা নিউ ইয়র্কের বহু বৈচিত্র্যপূর্ণ কমিউনিটি, বাস্তুসংস্থান, ও শিল্পগুলোর স্বাস্থ্য, স্থিতিশীলতা, ও উন্নতি সুরক্ষিত রাখার অতি গুরুত্বপূর্ণ মিশনে অবদান রাখবে। আমরা শুধু নিউ ইয়র্ক স্টেটের জনসাধারণকে সেবা দেয়ারই প্রত্যাশা রাখি না, বরং একটি পরিবর্তনশীল বিশ্বের জন্য কিভাবে একটি প্রভাব মূল্যায়ন প্রস্তুত করতে হয় তার একটি দৃষ্টান্তমূলক নমুনা হিসেবে এই যুগান্তকারী কাজটিকে তুলে ধরারও প্রত্যাশা রাখি।"

**কনসেনসাস বিল্ডিং ইনস্টিটিউটের সিনিয়র মিডিয়েটর ও প্রজেক্ট লিড প্যাট ফিল্ড ও ক্যাথেরিন মোরি বলেন**, "কনসেনসাস বিল্ডিং ইনস্টিটিউট NYSERDA ও টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপগুলোকে স্টেট ব্যাপী জলবায়ুর প্রভাব সংক্রান্ত নিজেদের জ্ঞান, প্রত্যক্ষ অভিজ্ঞতা, ও ঝুঁকিসমূহের কথা শেয়ার করতে পারবেন এমন ক্ষতিগ্রস্ত সামনের সারির স্টেকহোল্ডার ও সিদ্ধান্ত গ্রহণকারীদের একটি বিস্তৃত গ্রুপের কাছ থেকে শুনতে সাহায্য করার জন্য অঙ্গীকারবদ্ধ। জলবায়ু মূল্যায়ন যাতে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রভাবগুলোর উপর জোর দেয়, আমরা যা জানি এবং আমরা যা অনুমান করতে পারি সেগুলোকে অ্যাক্সেসযোগ্য ও প্রয়োগযোগ্য তথ্যে রূপান্তর করে, এবং পরিবর্তনশীল জলবায়ুর জন্য নিউ ইয়র্ক স্টেটকে একটি সমতাপূর্ণ উপায়ে প্রস্তুত থাকতে ও তৈরি হতে সাহায্য করে সে বিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে এসব পরামর্শদাতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

**কলম্বিয়া বিশ্ববিদ্যালয় ল্যামন্ট রিসার্চ প্রফেসর র‍্যাডলি হর্টন বলেন**, "নিউ ইয়র্কের সাম্প্রতিক জলবায়ুর চরম অবস্থা এবং সেইসাথে নতুন মডেলগুলোর লভ্যতা এসময়ে এই মুহূর্তে জলবায়ুর প্রভাব মূল্যায়নের জন্য কর্মসূচির উদ্বোধন ও চালু করার মাধ্যমে NYSERDA-এর দূরদর্শীতা তুলে ধরে। জলবায়ুর পরিবর্তন প্রশমন এবং এর সাথে মানিয়ে নেয়ার বিষয়ে নিউ ইয়র্ক স্টেটকে বৈশ্বিক নেতৃত্বের স্থানে ধরে রাখার ক্ষেত্রে NYSERDA তার কেন্দ্রীয় ভূমিকা বজায়

রেখেছে। NYSERDA-এর এই উচ্চাকাঙ্ক্ষী ও অপরিহার্য উদ্যোগকে সহায়তা করার জন্য কেন্দ্রীয় জলবায়ু বিজ্ঞানের তথ্য প্রদান করতে পেরে আমরা গর্বিত।"

**ইন্ডাস্ট্রিয়াল ইকোনোমিকস (IEc) এর প্রিন্সিপাল, প্রজেক্ট লিড, ও IPCC-এর মুখ্য লেখক জিম নিউম্যান বলেন**, "NYSERDA-এর এই জলবায়ুর প্রভাব মূল্যায়ন চালু করার জন্য এটি আদর্শ সময় - যখন সবেমাত্র জলবায়ুর পরিবর্তনের অর্থনৈতিক প্রভাবগুলো অনুমান করার মতো নতুন পদ্ধতি ও ডাটা লভ্য হতে শুরু করেছে এবং নিউ ইয়র্ক স্টেটের নীতিমালার জন্য এই তথ্য সম্পর্কে অবহিত হওয়ার প্রয়োজনীয়তা আগের যেকোনো সময়ের চেয়ে বেশি। গুরুতর জলবায়ু ও চরম আবহাওয়ার এই নতুন স্বাভাবিক অবস্থা কিভাবে ভবিষ্যত স্বাস্থ্য, সম্পত্তি, ও জীবিকাকে প্রভাবিত করবে জনসাধারণ তা জানতে চায়। জলবায়ু সংক্রান্ত নতুন বাস্তবতা সম্পর্কে আমাদের উপলব্ধিকে এগিয়ে নিতে সেরা বিজ্ঞান ও অর্থনৈতিক জ্ঞান প্রয়োগ করতে পেরে IEc উচ্ছসিত।"

## নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রোজেক্টে $21 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য $1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য $1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে $1.2 বিলিয়ন ডলারের বেশি সহ, স্বচ্ছ শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি আরও প্রসারিত করে। এই বিনিয়োগগুলি সম্মিলিতভাবে 2019 সালে নিউ ইয়র্কে স্বচ্ছ শক্তির ক্ষেত্রে 150,000 এর বেশি চাকরি, 2011 সাল থেকে বণ্টিত সৌরশক্তির ক্ষেত্রে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 এর মধ্যে স্থলভাগে 9,000 মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদন করার প্রতি অঙ্গীকারে সহায়তা করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

## NYSERDA সম্পর্কে

NYSERDA, হল জনগনের সুবিধার্থে একটি কর্পোরেশন, যা লক্ষ্য সম্পর্কিত তথ্য এবং তার বিশ্লেষণ, আধুনিকতাকরণ প্রোগ্রাম, কারিগরী দক্ষতা এবং নিউইয়র্কবাসীদের বিদ্যুৎশক্তির

কার্যকারিতা, অর্থ অপচয় কম করতে, রিনিউএবল বিদ্যুৎশক্তিকে ব্যবহার করতে এবং জীবাশ্ম জ্বালানির ব্যবহার কমানোর জন্য তহবিলের মাধ্যমে সাহায্য করে। NYSERDA পেশাদাররা পরিবেশ রক্ষায় এবং ক্লিন-এনার্জি কর্মসংস্থান তৈরিতে কাজ করে। 1975 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটে NYSERDA উন্নত আধুনিক মানের বিদ্যুশক্তির সমাধানের উদ্দেশ্যে পার্টনারশীপের বিকাশ সাধন করে চলেছে। NYSERDA-এর কর্মসূচি এবং তহবিল প্রাপ্তির সুযোগ সম্পর্কে আরো তথ্য জানতে, nyserda.ny.gov ওয়েবসাইট দেখুন অথবা টুইটার (Twitter), ফেসবুক (Facebook), ইউটিউব (YouTube), বা ইনস্টাগ্রাম (Instagram) এ আমাদের অনুসরণ করুন।

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন